

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৭৭

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ ওযূ করার সময় মুখে পানির ঝাপটা মারা মুস্তাহাব

ذِكْنُ اسْتِحْبَابِ صَكِّ الْوَجْهِ بِالْمَاءِ لِلْمُتَوَضِّئِ عِنْدَ إِرَادَتِهِ غَسْلَ وَجْهِهِ

আরবী

1077 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ عُلَيَّةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ عُلَيَّةً قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ طِلْحَةَ بْنِ يَزِيدَ قَالَ: حَدَّثَنَا ابْنُ عُلَيَّةً قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ طَلْحَةَ بْنِ يَزِيدَ بَنِ رَكَانَةَ عَنْ عُبَيْدِ اللَّهِ الْخَوْلَانِيِّ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: دَخَلَ عَلِيٌّ بَيْتِي وَقَدْ بَالَ فَدَعَا بُوضُوءٍ فَجِئْنَاهُ بِقَعْب لِللَّهِ الْخَوْلَانِيِّ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: دَخَلَ عَلِيٌّ بَيْتِي وَقَدْ بَالَ فَدَعَا بوضُوءٍ فَجِئْنَاهُ بِقَعْب لِ يَأْخُذُ المُدَّ لَكُو وَضِعَ بَيْنَ يَدَيْهِ فَقَالَ: أَلَا أَتَوَضَّأُ لَكَ وُضُوءَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَقُلْتُ فَوْلَكَ أَبِي وَأُمِّي قَالَ: فَغَسَلَ يَدَيْهِ ثُمَّ لَكُ وَضُوءَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَقُلْتُ فَوْلَكَ أَبِي وَأُمِّي قَالَ: فَغَسَلَ يَدَيْهِ ثُمَّ أَكُو صُوءَ وَسُومِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَقُلْتُ فُومَكَ بِهِ وَجُهَةً حَتَّى فَرَغَ من وضوئه. وَاسْتَنْشَقَ وَاسْتَنْشَقَ وَاسْتَنْشَقَ وَاسْتَنْشَقَ وَاسْتَنْشَقَ الله المصدر: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الراوي: ابْن عَبَّاسٍ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الصان على صحيح ابن حبان

বাংলা

১০৭৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আলী রাদ্বিয়াল্লাহু আনহু একবার আমার বাড়িতে আসেন, তিনি ইতিপূর্বে পেশাব করেছিলেন। ফলে তিনি ওযূর পানি আনতে বললেন। অতঃপর আমরা এক মুদ (প্রায় ৬২৫ মিলি) পানি ধরে এমন একটি পাত্রে তাঁর জন্য পানি নিয়ে আসলাম এবং তা তাঁর সামনে আনা হলো। তখন তিনি বলেন, "আমি কি তোমাদের সামনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওযূ করে করে দেখাবো না?" আমি বললাম, "আপনার জন্য আমার বাবা–মা কুরবান হোক।" রাবী বলেন, "অতঃপর তিনি তার দুই হাত ধৌত করেন, তারপর কুলি করেন, নাকে পানি দেন এবং নাক ঝাড়েন। তারপর তাঁর ডান হাত দিয়ে পানি গ্রহণ করেন অতঃপর তা তাঁর মুখে ঝাপটা মারেন, এভাবে তিনি ওযূ সম্পন্ন করেন।"[1]

ফুটনোট



[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৩; মুসনাদ আহমাদ: ১/৮২; আবূ দাউদ: ১১৭; সুনান বাইহাকী: ১/৫৩; তাহাবী, শারহুল মা'আনিল আসার: ১/৩২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৬।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন